

# বাধ্যতামূলক স্কুলে উপস্থিতি

## পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

আপনার সন্তানের জন্য শিক্ষা গুরুত্বপূর্ণ এবং আপনার সন্তানের শিক্ষাগত সর্বোত্তম অর্জন এবং তাদের কর্মজীবন এবং জীবনের সুযোগগুলো বাড়ানোর জন্য স্কুলে নিয়মিত উপস্থিতি অপরিহার্য। শিশু এবং তরুণদের নিয়মিত উপস্থিতিকে উৎসাহিত এবং সমর্থন করার জন্য NSW সরকারী স্কুলগুলো পিতামাতাদের সাথে একত্রিত হয়ে কাজ করে। যখন আপনার শিশু প্রতিদিন স্কুলে যায়, তখন শেখা তার জন্য সহজ হয়ে যায় এবং আপনার শিশু অন্যান্য বাচ্চাদের সাথে বন্ধুত্ব গড়ে তুলবে এবং বজায় রাখবে।

### আমার আইনগত দায়িত্ব কি?

নিউ সাউথ ওয়েলসে ছয় বছর বয়সী এবং স্কুল ত্যাগের ন্যূনতম ১৭ বছরের নীচে সকল শিশুর জন্য শিক্ষা গ্রহণ করা বাধ্যতামূলক। ১৯৯০ সালের শিক্ষা আইন অনুসারে পিতামাতাকে নিশ্চিত করতে হবে যে তাদের বাধ্যতামূলক স্কুল বয়সী সন্তানরা স্কুলে ভর্তি হয় এবং নিয়মিত স্কুলে যায়, অথবা হোম স্কুলিংয়ের জন্য NSW এডুকেশন স্ট্যান্ডার্ডস অথোরিটির সাথে নিবন্ধিত হয়।

একবার ভর্তি হয়ে গেলে, শিক্ষার্থীদের জন্য স্কুল খোলা থাকাকালীন সময়ে শিশুদের প্রতিদিন স্কুলে যেতে হবে।

### সময়মতো পৌঁছানোর গুরুত্ব

সময়মতো স্কুল ও ক্লাসে পৌঁছানো:

- নিশ্চিত করে যে শিক্ষার্থীরা দিনের শুরুর দিকে নির্ধারিত গুরুত্বপূর্ণ শেখার ক্রিয়াকলাপগুলো মিস না করে
- শিক্ষার্থীদের সময়ানুবর্তিতা এবং রুটিনের গুরুত্ব শিখতে সহায়তা করে
- শিক্ষার্থীদের ক্লাসের আগে তাদের বন্ধুদের শুভেচ্ছা জানানোর সময় দেয়
- শ্রেণিকক্ষের ব্যাঘাত কমায়।

দেরীতে আসা আংশিক অনুপস্থিতি হিসাবে রেকর্ড করা হয় এবং পিতামাতাকে এর জন্য অবশ্যই ব্যাখ্যা করতে হবে।

### আমার সন্তান যদি স্কুলে উপস্থিত হতে না পারে তাহলে কি হবে?

মাঝে মাঝে, আপনার সন্তানের স্কুলে অনুপস্থিত থাকার প্রয়োজন হতে পারে। শিক্ষার্থীদের অনুপস্থিতির ন্যায়সঙ্গত কারণগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- অসুস্থ হওয়া, বা সংক্রামক রোগে আক্রান্ত হওয়া
- একটি অনিবার্য মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট থাকা
- একটি স্বীকৃত ধর্মীয় ছুটিতে অংশ নিতে হবে
- ব্যতিক্রমী বা জরুরী পারিবারিক পরিস্থিতি, যেমন শেষকৃত্যে অংশ নেওয়া।

স্কুলে অনুপস্থিতির পরে আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে ৭ দিনের মধ্যে আপনি আপনার সন্তানের অনুপস্থিতির জন্য একটি মৌখিক বা লিখিত ব্যাখ্যা স্কুলে সরবরাহ করবেন। তবে, স্কুল যদি ২ দিনের মধ্যে আপনার কাছ থেকে কোনও ব্যাখ্যা না পায় তবে অনুপস্থিতি নিয়ে আলোচনা করার জন্য স্কুল আপনার সাথে যোগাযোগ করতে পারে।

যদি অনুপস্থিতি আপনার সন্তানের সর্বোত্তম স্বার্থে না হয় তবে অধ্যক্ষ আপনার দেওয়া কোনও ব্যাখ্যা গ্রহণে অস্বীকার করতে পারেন। এই পরিস্থিতিতে আপনার সন্তানের অনুপস্থিতি অযৌক্তিক হিসাবে রেকর্ড করা হবে। যখন এমনটি ঘটবে তখন অধ্যক্ষ আপনার সাথে তাদের সিদ্ধান্ত এবং এর কারণগুলো নিয়ে আলোচনা করবেন।

যখন ঘন ঘন বা দীর্ঘমেয়াদী অনুপস্থিতি অসুস্থতার কারণ দেখিয়ে করা হয় তখন অধ্যক্ষ মেডিকেল সার্টিফিকেট বা অন্যান্য ডকুমেন্টেশনের জন্য অনুরোধ করতে পারেন। অধ্যক্ষ আপনার শিশুকে সহায়তা করার জন্য একটি যৌথমূলক স্বাস্থ্যসেবা পরিকল্পনা তৈরির জন্য তথ্য পেতে চিকিৎসা বিশেষজ্ঞদের সাথে কথা বলার জন্য পিতামাতার অনুমতিও চাইতে পারেন। যদি এই অনুরোধটি প্রত্যাখ্যান করা হয় তবে অধ্যক্ষ অনুপস্থিতিকে অযৌক্তিক হিসাবে রেকর্ড করতে পারেন।

## ভ্রমণ

স্কুল ছুটির সময় পরিবারগুলোকে ভ্রমণ করতে উৎসাহিত করা হয়। যদি স্কুল টার্ম চলাকালীন সময় ভ্রমণের প্রয়োজন হয় তবে আপনার সন্তানের স্কুলের অধ্যক্ষের সাথে এটি নিয়ে আলোচনা করুন। বর্ধিত ছুটির জন্য একটি আবেদনপত্র জমা দেয়ার প্রয়োজন হতে পারে। ভ্রমণ-সম্পর্কিত অনুপস্থিতিগুলো উপস্থিতি রোলে ছুটি হিসাবে রেকর্ড করা হবে এবং আপনার সন্তানের সকল বার্ষিক অনুপস্থিতির হিসাবে গণনা করা হবে।

কিছু পরিস্থিতিতে শিক্ষার্থীরা ৫০ স্কুল দিবসের বেশি ভ্রমণের সময়কালের জন্য দূরবর্তী শিক্ষায় ভর্তি হওয়ার যোগ্য হতে পারে। এই বিষয়ে আপনার সন্তানের স্কুলের অধ্যক্ষের সাথে আলোচনা করা উচিত।

## আমার সন্তান স্কুলে যাবে না, আমার কি করা উচিত?

বিষয়টি নিয়ে আলোচনা করতে এবং সহায়তা চাইতে যত তাড়াতাড়ি সম্ভব অধ্যক্ষের সাথে আপনার যোগাযোগ করা উচিত। উপস্থিতি বাড়ানোর জন্য ব্যবহার করা যেতে পারে এমন দুটি কৌশল হল - স্কুলের লার্নিং এবং সাপোর্ট টিমের কাছে রেফারেল অথবা আপনার সন্তানকে সঠিক সাপোর্ট সিস্টেমের সাথে সংযুক্ত করা। উপস্থিতি উন্নতির একটি পরিকল্পনা তৈরি করতে, অধ্যক্ষ হোম স্কুল লিয়াজোন প্রোগ্রামকে অতিরিক্ত সহায়তার জন্য জিজ্ঞাসা করতে পারেন।

## যদি আমার সন্তানের অগ্রহণযোগ্য অনুপস্থিতি অব্যাহত থাকে তবে কী ঘটতে পারে?

এটা বোঝা গুরুত্বপূর্ণ যে বাধ্যতামূলক স্কুল বয়সের বাচ্চাদের স্কুলে বারবার কারণ ছাড়া বা অযৌক্তিক অনুপস্থিতির ক্ষেত্রে শিক্ষা বিভাগকে আরও পদক্ষেপ নেওয়ার প্রয়োজন হতে পারে।

নিম্নলিখিত কয়েকটি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

- বাধ্যতামূলক স্কুলিং সম্মেলন

আপনাকে আপনার সন্তানের পাশাপাশি একটি বাধ্যতামূলক স্কুলিং কনফারেন্সে অংশ নিতে বলা হতে পারে। কনফারেন্সটি আপনার সন্তানের প্রয়োজনীয় সহায়তাগুলো সনাক্ত করতে সহায়তা করবে যাতে তারা নিয়মিত স্কুলে যায়। স্কুল, পিতামাতা এবং এজেন্সিগুলো আপনার সন্তানের স্কুলে উপস্থিতি সমর্থন করার জন্য একটি সম্মত পরিকল্পনা (যা আন্ডারটেকিং হিসাবে পরিচিত) তৈরির জন্য একসাথে কাজ করবে।

- শিশু আদালতে আবেদন - বাধ্যতামূলক স্কুলিং আদেশ

যদি আপনার সন্তানের স্কুলে উপস্থিতি অসন্তোষজনক থাকে তবে বিভাগটি বাধ্যতামূলক স্কুলিং আদেশের জন্য শিশু আদালতে আবেদন করতে পারে। শিশু আদালতের ম্যাজিস্ট্রেট একটি বাধ্যতামূলক স্কুলিং কনফারেন্স ডাকার আদেশ দিতে পারেন।

- স্থানীয় আদালতে মামলা

আপনার সন্তানের স্কুলে সম্পূর্ণভাবে অংশগ্রহণকে বাধা দিচ্ছে এমন সমস্যাগুলো মোকাবেলায় স্কুল এবং বিভাগের কর্মীরা আপনার সাথে একত্রিত হয়ে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। এমন পরিস্থিতি যেখানে বাধ্যতামূলক স্কুলিং আদেশ লঙ্ঘন হয়, সেখানে স্থানীয় আদালতে কোনও অভিভাবকের বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেওয়া যেতে পারে। আদালতের পদক্ষেপের ফলাফল একটি কমিউনিটি সার্ভিস আদেশ বা জরিমানা আরোপ করা হতে পারে।

## আমার সন্তান কোন বয়সে স্কুল ছাড়তে পারে?

সকল নিউ সাউথ ওয়েলস শিক্ষার্থীদের অবশ্যই ইয়ার ১০ বা তার সমতুল্য শেষ করতে হবে। ইয়ার ১০ এর পরে, এবং ১৭ বছর বয়স পর্যন্ত, শিক্ষার্থীদের তাদের স্কুল শেষ করার জন্য বিভিন্ন সহজ পছন্দ রয়েছে।

## অংশীদারিত্বে কাজ করা

NSW শিক্ষা বিভাগ স্বীকার করে যে শিক্ষার্থী এবং তাদের পরিবারের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করা স্কুলে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতিকে সমর্থন করার সর্বোত্তম উপায়।

আপনার সন্তানের জীবনের সুযোগগুলো পূরণ করতে সহায়তা করার জন্য আপনার সাথে অংশীদারিত্বে কাজ করার জন্য আমরা আশাপ্রদ।

## টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনি যদি আরও তথ্য চান তবে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন। স্কুলের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি একজন দোভাষীর সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, আপনার কী ভাষা প্রয়োজন তা তাদের বলুন এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। অপারেটর আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।